## হিসাববিজ্ঞান এস.এস.সি প্রস্তুতিমূলক পরীক্ষা- ২০২৫

**১।** জনাব আসলামের ৩১ ডিসেম্বর ২০২৩ তারিখের রেওয়ামিলটি নিম্নরূপ:

জনাব আসলামের রেওয়ামিল
৩১ ডিসেম্বর,২০২৩

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| মূলধন | | ৮০,০০০ |
| উত্তোলন | ২০,০০০ | |
| ক্রয় ও বিক্রয় | ২৫,০০০ | ৬০,০০০ |
| ফেরত | ২,০০০ | ৩,০০০ |
| প্রারম্ভিক মজুদ পন্য | ১৫,৫০০ | |
| দেনাদার ও পাওনাদার | ২১,০০০ | ৫,০০০ |
| কমিশন | ১,০০০ | ৫০০ |
| বিজ্ঞাপন (৪ বছরের জন্য) | ৬,০০০ | |
| হাতে নগদ | ২০,০০০ | |
| আসবাবপত্র | ৩০,০০০ | |
| প্রাপ্য বিল ও প্রদেয় বিল | ১৫,০০০ | ৭,০০০ |
| | ১৫৫৫০০ | ১৫৫৫০০ |

অন্যান্য তথ্যাদি: ১। সমাপনী মজুদ পন্য ২০,০০০ টাকা; ২। অলিখিত বিক্রয় ২,০০০ টাকা; ৩। দেনাদারের ৩,০০০ টাকা আদায়যোগ্য নয় এবং অবশিষ্টি দেনাদারের উপর ৫% অনাদায়ি দেনা সঞ্চিতি ধার্য কর।

ক) জনাব আসলামের ব্যবসায়ের নিট দেনাদারের পরিমাণ নির্ণয় কর।
খ) জনাব আসলামের ব্যবসায়ের নিট মুনাফা বা ক্ষতির পরিমাণ নির্ণয় কর।
গ) জনাব আসলামের ব্যবসায়ের আর্থিক অবস্থার বিরণী প্রস্তুত কর।

**২।** ৩১ ডিসেম্বর, ২০২৩ তারিখে রানা ব্রাদার্সের রেওয়ামিল নিম্নরূপ:

রানা ব্রাদার্সের রেওয়ামিল
৩১ ডিসেম্বর, ২০২৩

| ক্র. নং | হিসাবের নাম | খ. পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| ১. | মূলধন | | | ২,২০,০০০ |
| ২. | ব্যাংক ব্যালেন্স | | ২২,০০০ | |
| ৩. | ভাড়া | | ৮,০০০ | ৪,০০০ |
| ৪. | ক্রয় ও বিক্রয় | | ৬০,০০০ | ১,০০,০০০ |
| ৫. | ফেরত | | ৬,০০০ | ৪,০০০ |
| ৬. | দেনাদার ও পাওনাদার | | ৪০,০০০ | ২০,০০০ |
| ৭. | বিজ্ঞাপন (৪ বছরের জন্য) | | ১৪,০০০ | |
| ৮. | ইজারা সম্পদ ( ৫ বছরের জন্য) | | ৬০,০০০ | |
| ৯. | আসবাবপত্র | | ১০,০০০ | |
| ১০. | হাতে নগদ | | ৩০,০০০ | |
| ১১. | ১০% বিনিয়োগ (১-৭-২০২৩) | | ৮৮,০০০ | |
| ১২. | উত্তোলন | | ১০,০০০ | |
| | | | ৩,৪৮,০০০ | ৩,৪৮,০০০ |

**সমন্বয়সমূহ: ১)** সমাপনী মজুদের মূল্যায়ন ৪২,০০০ টাকা কিন্তু এটির ক্রয়মূল্য ৪০,০০০ টাকা। **২)** দেনাদারের মধ্যে ৭,০০০ টাকা আদায়যোগ্য নয়। **৩)** আসবাবপত্রের ওপর ২% হারে অবচয় ধার্য কর। **৪)** অলিখিত ধারে বিক্রয় ২০,০০০ টাকা।

ক) নিট বিক্রয়ের পরিমাণ নির্ণয় কর।
খ) মোট মুনাফা ৫০,০০০ টাকা বিবেচনা করে নিট মুনাফা বা ক্ষতির পরিমাণ নির্ণয় কর।
গ) মোট সম্পদের পরিমাণ নির্ণয় কর।

৩। লামিয়া এন্টারপ্রাইজের ২০২৩ সালের ৩০ জুন সমাপ্ত বছরের অর্জিত নিট মুনাফা ৯৫,৫০০ টাকা। উক্ত তারিখের প্রতিষ্ঠানটির আংশিক রেওয়ামিল ও প্রয়োজনীয় তথ্যাদি নিম্নরূপ:

লামিয়া এন্টারপ্রাইজের রেওয়ামিল
৩০ জুন, ২০২৩

| হিসাবের নাম | ডেবিটি টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| পন্য ক্রয় ও বিক্রয় | ৫০,০০০ | ১,৩৫,০০০ |
| উত্তোলন ও মূলধন | ৩০,০০০ | ২,২৭,০০০ |
| নগদ উদ্বৃত্ত | ৬৩,০০০ | |
| যন্ত্রপাতি | ৩,০০,০০০ | |
| আয়কর | ১২,০০০ | |
| আন্তঃফেরত | ১৫,০০০ | |
| দেনাদার ও পাওনাদার | ৫০,০০০ | ৪০,০০০ |
| বকেয়া বেতন | | ১৮,০০০ |
| আসবাবপত্র | ১,০০,০০০ | |
| অতিরিক্ত মূলধন (১-১-২০২৩০ | | ৯২,০০০ |
| প্রাপ্য বিল ও প্রদেয় বিল | | ৪৫,০০০ |
| সাধারণ সঞ্চিতি | | ৬৫,০০০ |
| অগ্রিম মজুরি | ২৫,০০০ | |
| ব্যাংক জমাতিরিক্ত | | ৫৯,০০০ |
| | ৬,৮১,০০০ | ৬,৮১,০০০ |

**অন্যান্য তথ্যাদি: ১)** অবিক্রিত পণ্যের মূল্য ৪৮,০০০ টাকা। **২)** মালিক কর্তৃক পণ্য উত্তোলন ১৬,০০০ টাকা। **৩)** ধারে বিক্রয় ৩৫,০০০ টাকা ও ক্রয় ২২,০০০ টাকা হিসাবভুক্ত হয়নি। **৪)** স্থায়ী সম্পদের ওপর ১০% অবচয় ধার্য কর।

ক) বছর শেষে লামিয়া এন্টারপ্রাইজের নিট স্থায়ী সম্পদের পরিমাণ নির্ণয় কর।
খ) লামিয়া এন্টারপ্রাইজের মালিকানাস্বত্ব বিবরণী প্রস্তুত কর।
গ) উপর্যক্ত তথ্যের আলোকে লামিয়া এন্টারপ্রাইজের নিট মুনাফার হার ও তারল্য অনুপাত নির্ণয় কর।